

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
পল্লীভবন, ৫ কাওরানবাজার, ঢাকা  
www.brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৫১২.১৮.০৭৪.১২. ২৫০২

তারিখ: ২৩ মার্চ ২০২৪

বিষয়: সদাবিক-এর কার্যক্রম গতিশীলকরণার্থে অনুশাসন।

সম্বন্ধিত দারিদ্র বিমোচন কর্মসূচি (সদাবিক) পল্লী অঞ্চলের দরিদ্র জনগোষ্ঠীর আর্থসামাজিক উন্নয়নে বিআরডিবি'র অন্যতম গুরুত্বপূর্ণ কর্মসূচি। ২০০৩-২০০৪ অর্থবছর হতে অদ্যাবধি দীর্ঘ দুই দশকে কর্মসূচিটি দেশের ৬৪ জেলার ৪৪৯ উপজেলায় পিছিয়ে পড়া গ্রামীণ নারী-পুরুষের দারিদ্র্য বিমোচনে উল্লেখযোগ্য অবদান রাখতে সক্ষম হয়েছে। কিন্তু দুঃখের সঙ্গে লক্ষ্য করা যাচ্ছে যে, সাম্প্রতিককালে বিভিন্ন উপজেলায় সদাবিকের ঋণ কার্যক্রম আশানুরূপভাবে বাস্তবায়িত হচ্ছে না। কিছু উপজেলায় খেলাপি ঋণের পরিমাণ আশঙ্কাজনকভাবে বৃদ্ধি পেয়েছে। মেয়াদোত্তীর্ণ খেলাপি ঋণ আদায়ের হারও সন্তোষজনক নয়।

এ অবস্থায় সদাবিকের কার্যক্রম গতিশীলকরণ, ঋণ খেলাপি রোধ এবং মেয়াদোত্তীর্ণ ঋণ আদায়ের উদ্দেশ্যে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের জন্য নিয়রূপ অনুশাসনমালা প্রতিপালনের জন্য নির্দেশনা প্রদান করা হলো:

- (ক) সদাবিকের কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে উপজেলাভিত্তিক সমস্যাটি চিহ্নিত করে কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক সদরদপ্তরকে অবহিত করতে হবে;
- (খ) মাঠ সহকারীদের কার্যক্রম মূল্যায়ন করে যথাযথ পুরস্কার অথবা শাস্তির ব্যবস্থা করতে হবে। প্রয়োজনে জেলার অভ্যন্তরে বদলির উদ্যোগ নিতে হবে;
- (গ) দীর্ঘদিনের আত্মসাৎ রিকভারি করার স্বার্থে দায়ী মাঠ সহকারীদের বিরুদ্ধে প্রচলিত বিধি-বিধান অনুযায়ী কঠোর পদক্ষেপ গ্রহণ করতে হবে;
- (ঘ) কাজে অনিয়মিত ও অমনোযোগী মাঠ সহকারীদের মধ্যে যাদের ঋণ বিতরণ ও আদায় অসন্তোষজনক, তাদেরকে বিদ্যমান বিধি-বিধান অনুসরণপূর্বক চাকরি থেকে অব্যাহতি প্রদানের উদ্যোগ নিতে হবে।
- (ঙ) উপজেলায় সদাবিকের মাঠ সহকারী কর্মরত না থাকলে নিয়োগের যথাযথ উদ্যোগ নিতে হবে; সাময়িকভাবে কাজ চালিয়ে নেয়ার স্বার্থে উপজেলায় অন্য কর্মসূচির মাঠকর্মী/পরিদর্শকের নিকট সদাবিকের দায়িত্ব অর্পণের ব্যবস্থা নিতে হবে।

২। জনস্বার্থে জারিকৃত এ অনুশাসনমালা যথাযথভাবে প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। ব্যর্থতায় দায়ী কর্মকর্তাদের বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
আঃ গাফফার খান  
মহাপরিচালক (গ্রেড-১)


উপপরিচালক (সকল জেলা)  
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

স্মারক নম্বর- ৪৭.৬২.০০০০.৫১২.১৮.০৭৪.১২-২৫০২

তারিখ: ১৩ মার্চ ২০২৪

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রম অনুসারে নয়):

- ১। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ২। পরিচালক (সেরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সংশ্লিষ্ট নথি।

  
মোহাম্মদ হাবিবুল্লাহ  
উপপরিচালক (সম্প্রসারণ)



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)  
উপপরিচালকের কার্যালয়  
প্লট-৮৮, সেক্টর-২, উপশহর, যশোর  
[www.brdb.jessore.gov.bd](http://www.brdb.jessore.gov.bd)

স্মারক নম্বর: ৪৭.৬২.৪১০০.৮৫৯.১৮.০১৬.২১.৬৯

তারিখ: ১৯ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ  
০২ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

বিআরডিবি সদর দপ্তরের স্মারক নং ৪৭.৬২.০০০০.৫১২.১৮.০৭৪.১২.২৫০২ তারিখ ১৩.০৩.২০২৪ তারিখ মূলে সদাবিকে এর কার্যক্রম গতিশীলকরণার্থে অনুশাসনমালা জারী করা হয়েছে (সংযুক্ত)। জনস্বার্থে জারীকৃত অনুশাসনমালা অনুসরণপূর্বক সদাবিক এর সকল কার্যক্রম পরিচালনা করাসহ অনুশাসনমালা যথাযথভাবে প্রতিপালনের জন্য পত্রটি এ সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

০২-০৪-২০২৪

মোঃ কামরুজ্জামান

উপ পরিচালক

০২৪৭৭৭৬২৫৩৪

[ddjessore@brdb.gov.bd](mailto:ddjessore@brdb.gov.bd)

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, যশোর সদর/বাঘারপাড়া/অভয়নগর/মণিরামপুর/কেশবপুর/শার্শা/বিকরণগাছা/চৌগাছা উপজেলা, যশোর।

